

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৫১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. তৃতীয় অনুচ্ছেদ - মসজিদ ও সালাতের স্থান

আরবী

(وَعَنْ مُعَاذِ بْنِ جَبَلِ قَالَ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَسْتَحِبُّ الصَّلَاةَ فِي الْحِيطَانِ. قَالَ بَعْضُ رُوَاتِهِ يَعْنِي الْبَسَاتِينَ رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ غَرِيبٌ لَا الْحِيطَانِ. قَالَ بَعْضُ رُواتِهِ يَعْنِي الْبَسَاتِينَ رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ غَرِيبٌ لَا نَعْرِفُهُ إِلَّا مِنْ حَدِيثِ الْحَسَنِ بن أبي جَعْفَر وَقد ضعفه يحيى ابْن سعيد وَغَيره

বাংলা

৭৫১-[৬৩] মু'আয ইবনু জাবাল (রাঃ) হতে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'হীত্বা-ন'-এ সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতে ভালোবাসতেন। বর্ণনাকারীদের কেউ কেউ বলেছেন, 'হীত্বা-ন' অর্থ বাগান।[1]

ইমাম তিরমিয়ী বলেছেন, হাদীসটি গরীব। তিনি আরো বলেছেন, আমরা এ হাদীসটি হাসান ইবনু আবূ জা'ফার ছাড়া অন্য কারো নিকট হতে অবগত নই। আর হাসানকে ইয়াহইয়া ইবনু সা'ঈদ প্রমুখ য'ঈফ বলেছেন।

ফুটনোট

[1] য'ঈফ: তিরমিয়ী ৩৩৪, সিলসিলাহ্ আয্ য'ঈফাহ্ ৪২৭০। কারণ এর সানাদে আল্ হাসান ইবনু আবি কা'ফার নামে একজন রাবী রয়েছে যাকে ইয়াহ্ইয়া ইবনু সা'ঈদ ও অন্যান্যরা য'ঈফ বলেছেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: বাগানে সালাত (সালাত/নামায/নামাজ) আদায়কে পছন্দ করার কয়েকটি কারণ হতে পারে। এক- বাগানে একাকিত্ব লাভ করা যায়। দুই- সালাতের কারণে বাগানের ফলে বারাকাত আসতে পারে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন